প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সদস্যবৃন্দ কর্তৃক এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহ পরিদর্শন ও মতবিনিময় সভা

ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনের প্রবাসী কল্যাণ ব্যাংকের সভাকক্ষে ১৫ নভেম্বর ২০১৭ সকাল ১০.০০ ঘটিকায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এমপি'র নেতৃত্বে একটি প্রতিনিধি দল প্রবাসী কল্যাণ ব্যাংক-এ একটি মতবিনিময় সভা ও ব্যাংকের প্রধান কার্যালয় পরিদর্শন করেন। মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে সভাপতি নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এমপি বলেন, প্রবাসী কর্মীদের টাকায় প্রতিষ্ঠিত এ ব্যাংক এবং তাদের টাকার সঠিক ব্যবহার করতে হবে। তিনি আরও বলেন, বিদেশ গমনেচ্ছুক প্রবাসী কর্মীদের ঋণ প্রদান এবং অন্যান্য সেবার ক্ষেত্রে সহযোগিতা অব্যাহত রাখতে হবে। সভায় ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক আ.ন.ম. মাসরুরুল হুদা সিরাজী স্বাগত বক্তব্য রাখেন এবং ব্যাংকের সার্বিক বিষয়ের উপর একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য মোঃ ইসরাফিল আলম, এমপি। তিনি বলেন, বর্তমান সরকারের উন্নয়নের অন্যতম উদাহরণ হল প্রবাসী বাংলাদেশী কর্মী ও তাদের পরিবারের কল্যাণে প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপন হয়েছে। এছাড়াও মতবিনিময় সভায় বক্তব্য রাখেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন),সচিবের দায়িত্বে মোঃ আমিনুল ইসলাম। মতবিনিময় সভায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি, বোয়েসেল এর ব্যপস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তীসহ মন্ত্রণালয় ও প্রবাসী কল্যাণ ব্যাংকের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় উপস্থিত ২(দুই) জন বিদেশ গমনেচ্ছুক কর্মীকে বিদেশ গমনের ঋণের চেক প্রদান করা হয়। পরে প্রতিনিধিদলটি প্রবাসী কল্যাণ ব্যাংকের প্রধান শাখা পরিদর্শন করেন।

বেলা- ১২.০০ ঘটিকায় ঢাকার কাকরাইলস্থ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)-র সভাকক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এমপি'র নেতৃত্বে প্রতিনিধি দলটি মতবিনিময় সভা ও বিএমইটি'র সদর দপ্তর পরিদর্শন করেন। মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে সভাপতি নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এমপি বলেন, আমাদের কর্মীরা বিদেশ থেকে শুধু টাকাই আয় করে না, সাথে সাথে তাদের অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা নিয়ে আসে। যা আমাদের উন্নত সমাজ পরিবর্তনে সহায়তা করে। তিনি আরও বলেন, বিএমইটি'র কর্মকর্তা/কর্মচারীদের মনোবল এবং তাদের উদ্যোগ বিএমইটি-কে একসময় বুয়েট এবং এলজিআরডি'র মত সুনামধন্য প্রতিষ্ঠানে রূপান্তরিত করবে। বিএমইটি ও মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তার উপস্থিতিতে মতবিনিময় সভাটি অনুষ্ঠিত হয়। সভায় জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা স্বাগত বক্তব্য রাখেন এবং বিএমইটি'র সার্বিক বিষয়ের উপর একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য মোঃ ইসরাফিল আলম, এমপি। তিনি বলেন, বিএমইটি'র সেবা প্রদান কার্যক্রমে পরিবর্তন এসছে, যা প্রসংশার দাবিদার। তিনি বিএমইটি'র কার্যক্রমকে আরও জনপ্রিয় করে তোলার আহ্বান জানান। এছাড়াও মতবিনিময় সভায় বক্তব্য রাখেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন),সচিবের দায়িত্বে মোঃ আমিনুল ইসলাম। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মোহাম্মদ আজহারুল হক, বোয়েসেল এর ব্যপস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তীসহ মন্ত্রণালয় ও বিএমইটি'র উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। পরে প্রতিনিধিদলটি বিএমইটি'র সদর দপ্তরটি পরিদর্শন করেন।